গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
ইএমআইএস সেল
www.dshe.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৩৯.০০০৬.২০.৩৭

তারিখ: ২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের EFT-এর তথ্য সংশোধন সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ ০১ জানুয়ারি ২০২৫ হতে EFT-তে প্রদান করা হচ্ছে। EFT-তে এমপিও এর অর্থ প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অনলাইনে জাতীয় পরিচয়পত্র ও ব্যাংকের তথ্য সংগ্রহ করা হয়। প্রাপ্ত তথ্য iBAS++ সিস্টেমের মাধ্যেমে যাচাইকালে অনেক শিক্ষক-কর্মচারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর, জন্ম তারিখ, ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের রাউটিং নম্বরসহ কিছু তথ্য সঠিক নয় মর্মে প্রতিয়মান হয়। কিছু শিক্ষক-কর্মচারী অন্য প্রতিষ্ঠানে যোগদান করায় তাদের বর্তমান অবস্থার পরিবর্তন হয়েছে। এছাড়া, EFT-তে তথ্য প্রদানের সময় বর্তমানে কর্মরত অবস্থার "ফিল্ডে" পদত্যাগ, স্থগিত, অস্থিত্ব নেই মর্মে উল্লেখ করেছে, সে কারণে তাদেরকে এখন পর্যন্ত বেতন প্রদান করা সম্ভব হয় নাই।

এমতাবস্থায়, শিক্ষক-কর্মচারীদের সঠিক তথ্য প্রেরণের জন্য তাদের EFT-এর তথ্য ইতোমধ্যে প্রতিষ্ঠানে ফেরত পাঠানো হয়েছে। সংযুক্ত ম্যানুয়াল (নির্দেশনা) অনুযায়ী ২১/০৯/২০২৫ তারিখের মধ্যে সঠিক তথ্য হালনাগাদ করে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধাগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-০৯-২০২৫
প্রফেসর বি. এম. আব্দুল হান্নান
পরিচালক (কলেজ ও প্রশাসন)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক (সকল)
মাধমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল/কলেজ)।

**স্মারক নম্বর:** ৩৭.০২.০০০০.০০০.১১৩.৩৯.০০০৬.২০.৩৭/১ (৫)


তারিখ: ২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
২। আঞ্চলিক পরিচালক (সকল অঞ্চল), মাধমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৩। জেলা শিক্ষা অফিসার (সকল), ।
৪। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা), ।
৫। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

## মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল ও কলেজ) কর্মরত এমপিওভুক্ত জনবলের এমপিও এর অর্থ EFT-এর তথ্য সংশোধন সংক্রান্ত নির্দেশিকা-

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের এমপিও এর অর্থ প্রেরণের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে অনলাইনে জাতীয় পরিচয়পত্র ও ব্যাংকের তথ্য সংগ্রহ করা হয়। প্রাপ্ত তথ্য যাচাইকালে অনেক শিক্ষক-কর্মচারীর জাতীয় পরিচয়পত্রের নম্বর, জন্ম তারিখ, ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের রাউটিং নম্বরসহ বেশ কিছু তথ্য সঠিক নয় মর্মে প্রতিয়মান হয়। এছাড়াও কিছু শিক্ষক-কর্মচারীর প্রতিষ্ঠান পরিবর্তন বা অন্য যে কোনো কারণে তাদের অবস্থার ক্ষেত্রে স্থগিত, পদত্যাগ বা অস্তিত্ব নেই উল্লেখ আছে। তথ্যগত ভুল অথবা শিক্ষক-কর্মচারীর অবস্থা কর্মরত না থাকায় EFT-এর শুরু থেকেই তাদের এমপিও এর অর্থ প্রেরণ করা সম্ভব হচ্ছে না। এ ধরণের শিক্ষক-কর্মচারীদের সঠিক তথ্য প্রেরণের জন্য তাদের EFT-এর তথ্য প্রতিষ্ঠানে ফেরত পাঠানো হয়েছে। এক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের এমপিও সংক্রান্ত কাজের জন্য ব্যবহৃত আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের EMIS সিস্টেমের MPO EFT মডিউলে লগ-ইন করে Data Update অপশনে ক্লিক করলে নিম্নরূপ একটি পেজ পাবেন:




উপরের চিত্রে প্রতিষ্ঠানটির সকল শিক্ষক-কর্মচারীর তথ্য লোড হবে এবং যে শিক্ষক বা কর্মচারীর তথ্য সংশোধন করা প্রয়োজন তার নামের সর্ববামে  চিহ্ন প্রদর্শিত হবে। উক্ত চিহ্নে ক্লিক করলে ঐ শিক্ষক/কর্মচারীর তথ্য সংশোধন করার জন্য Open হবে। প্রতিষ্ঠান প্রধান ঐ শিক্ষক/কর্মচারীর তথ্য সংশোধন করে আপডেট অপশনে ক্লিক করবেন এবং পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করে হার্ড কপি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস/ আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে জমা দিবেন।

[বি.দ্র: জন্মতারিখ সংশোধনের সময় কী-বোর্ড থেকে সরাসরি টাইপ না করে পাশে যুক্ত ক্যালেন্ডার থেকে সিলেক্ট করলে ভুল হওয়ার সম্ভাবনা কম থাকে]

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত তথ্য স্কুলের ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এবং কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট অঞ্চলের পরিচালক যাচাই করে মাউশি অধিদপ্তরে পাঠাবেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বা আঞ্চলিক পরিচালক হতে প্রাপ্ত তথ্য আইবাস সিস্টেমের মাধ্যমে যাচাই সম্পন্ন করে সঠিকতা প্রমানিত হলে পরবর্তী মাস থেকে ঐ শিক্ষক/কর্মচারীর এমপিও এর অর্থ EFT-তে প্রেরণের ব্যবস্থা করা হবে এবং পরবর্তীতে ডিসেম্বর-২০২৪ হতে বকেয়া প্রদান করা হবে।

একইভাবে প্রতিষ্ঠান পরিবর্তন বা অন্য পদে যোগদানের ফলে Transfer অপশন ব্যবহার করে এমপিও হওয়া শিক্ষকগণের ক্ষেত্রে যাদের অবস্থা বর্তমান প্রতিষ্ঠানে "পদত্যাগ" অবস্থায় আছে তাদের EFT এর তথ্যও বর্তমান প্রতিষ্ঠানে ফেরত পাঠানো হয়েছে। সে সকল শিক্ষকগণের তথ্যও উপরোক্ত পদ্ধতিতে সংশোধন করে প্রেরণ করতে হবে।

এছাড়াও পুর্বে তথ্য প্রদানকালে যে সকল শিক্ষকের অবস্থা বরখাস্ত, পদত্যাগ, অস্তিত্ব নেই বা স্থগিত/সাময়িত স্থগিত হিসেবে প্রদান করা হয়েছিলো তাদের তথ্যও সংশোধনের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ফেরত দেয়া হয়েছে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এ ধরণের শিক্ষক/কর্মচারীদের তথ্য এবং অবস্থাও উপরোক্ত পদ্ধতিতে সংশোধন করে প্রেরণ করতে পারবেন।

যে সকল শিক্ষক-কর্মচারী EFT-তে ভুল তথ্য প্রেরণের জন্য ডিসেম্বর-২০২৪ থেকে এমপিও এর কোনো মাসের অর্থ পাননি এবং ইতোমধ্যে অবসর গ্রহন করেছেন তাদের EFT-এর তথ্য অনলাইনে দেওয়ার সুযোগ নেই। তাদের EFT-এর তথ্য হার্ড কপিতে সরাসরি EMIS সেলে জমা দিতে হবে।

★ কারিগরি সহায়তার জন্য সমস্যার বিস্তারিত লিখে ই-মেইল করুন- teacher.mpo@gmail.com মেইলে।★

★ পাসওয়ার্ড সংক্রান্ত সমস্যা হলে সংশ্লিষ্ট অঞ্চলের প্রোগ্রামার এর নিকট আবেদন করে নতুন পাসওয়ার্ড সংগ্রহ করা যাবে। ★